# আল-মুমিনুন | Al-Mu'minun | ٱلْمُؤْمِنُون

আয়াতঃ ২৩ : ৮৭

## আরবি মূল আয়াত:

سَيَقُولُونَ لِلَّهِ ۚ قُلْ أَفَلَا تَتَّقُونَ ﴿٨٧﴾

## অনুবাদসমূহ:

তারা বলবে, 'আল্লাহ।' বল, 'তবুও কি তোমরা তাকওয়া অবলম্বন করবে না?' — আল-বায়ান

তারা বলবেঃ (এগুলোর মালিকানা) আল্লাহর। বলঃ তবুও কি তোমরা (আল্লাহকে) ভয় করবে না? — তাইসিরুল

তারা বলবেঃ আল্লাহ! বলঃ তবুও কি তোমরা আল্লাহভীরু হবেনা? — মুজিবুর রহমান

They will say, "[They belong] to Allah." Say, "Then will you not fear Him?" — Sahih International

৮৭. অবশ্যই তারা বলবে, আল্লাহ। বলুন, তবুও কি তোমরা তাকওয়া অবলম্বন করবে না?

-

তাফসীরে জাকারিয়া

(৮৭) তারা বলবে, 'আল্লাহ। বল, তবুও কি তোমরা সাবধান হবে না।' [1]

[1] অর্থাৎ, যখন তোমরা স্বীকার করছ যে, পৃথিবী ও তার ভিতরের সমস্ত কিছুর স্রষ্টা একমাত্র মহান আল্লাহ এবং আকাশমন্ডলী ও মহা আরশের মালিকও তিনিই। তাহলে তোমাদের এ কথা স্বীকার করতে দ্বীধা কেন যে, উপাসনার যোগ্যও কেবলমাত্র আল্লাহই? অতঃপর তাঁর একত্ববাদকে মেনে নিয়ে তাঁর আযাব হতে বাঁচার প্রয়াস করছ না কেন?

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=2760

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন